


গৌর দেখলে কী করবেন এবং কী করবেন না


কী করবেন!



গৌর থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখুন। গৌর সাধারণত মানুষের থেকে দূরে থাকতে পছন্দ করে




জঙ্গলে একা হাঁটার সময় সঙ্গে একটি লাঠি রাখুন এবং ওটার সাহায্যে আওয়াজ করুন, যাতে গৌর আপনার উপস্থিতি বুঝতে পেরে আগেই সরে যায়



গৌরের সাথে হঠাৎ মুখোমুখি হয়ে পড়লে আস্তে আস্তে পিছিয়ে আসুন



গৌর আপনার কাছাকাছি চলে এলে জোরে আওয়াজ করুন। নিরাপদ দূরত্বে সরে না আসা পর্যন্ত প্রাণীটির ওপর নজর রাখুন



গৌর এলাকায় আস্তে গাড়ি চালান এবং নিরাপদ দূরত্ব বজায় রাখুন



গ্রামে বা রাস্তায় গৌর দেখলে শান্তি বজায় রাখুন। গৌরটি না সরে যাওয়া পর্যন্ত অপেক্ষা করুন বা গৌরটিকে রাস্তা ছেড়ে দিন



চাষবাস এবং রান্নার বর্জ্যপদার্থগুলি ঢেকে রাখুন বা সেগুলির থেকে সার তৈরি করুন। পরিবেশবান্ধব বর্জ্য নিক্ষেপন পদ্ধতি ব্যবহার করুন



আহত হলে তৎক্ষণাৎ নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে যান

কী করবেন না!



ভোরে বা সন্ধ্যার পর গবাদিপশুর খাবার বা অন্যান্য বনজ সম্পদ সংগ্রহ করতে জঙ্গলে যাবেন না কারণ ওই সময়ই বেশির ভাগ সংঘর্ষের ঘটনাগুলি ঘটে



গৌরের সাথে মুখোমুখি হলে হঠাৎ দৌড়ে পালাবেন না, এতে প্রাণীটি আপনাকে তাড়া করতে পারে। যার ফলে আপনি আহত হতে পারেন



বাচ্চা গৌরের কাছাকাছি যাবেন না কারণ পূর্ণবয়স্ক গৌর বাচ্চার প্রতি রক্ষণশীল হয় এবং বিপদ বুঝে আক্রমণ করতে পারে



আক্রমণ করলে কোনো গাছ বা পাথরের পিছনে আশ্রয় নিন। গাছে উঠে পড়তে পারলেও বেঁচে যেতে পারেন



গাড়ি থেকে নামার বা তাড়া করার চেষ্টা করবেন না, এতে ওরা বিরক্ত হতে পারে



রাস্তা আটকে বা ওদের পথ পরিবর্তন করতে বাধ্য করে বিরক্ত করবেন না



গৌরকে তাড়াতে পাথর ছুঁড়বেন না, এর ফলে তারা আত্মরক্ষার জন্য আক্রমণ করতে পারে



কৃষিজমির কাছে বা গ্রামের মধ্যে বর্জ্যপদার্থ ফেলবেন না। গৌর খাবারের সন্ধানে বর্জ্যপদার্থের প্রতি আকর্ষিত হতে পারে

ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনে ইন্দো-জার্মান সহযোগিতা
২০১৭-২০২৩
একটি সমন্বয়পূর্ণ সহাবস্থান গ্রহণে
ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনের পদ্ধতি



Implemented by
giz
Deutsche Gesellschaft
für Internationale
Zusammenarbeit (GIZ) GmbH

